

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ এই প্রশ্নকারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে প্রশ্ন করেছিলেন, সেটার সময় সম্পর্কে বর্ণনা

ذَكَرُ الْوَقْتِ الَّذِي سَأَلَ هَذَا السَّائِلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّا سَأَلَ

আরবী

3772 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ الشَّيْبَانِيُّ وَأَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَا: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ قَالَ: (جَلَسْتُ إِلَى أَبِي حَنِيفَةَ بِمَكَّةَ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ: إِنِّي لَبِسْتُ خَفَيْنَ وَأَنَا مُحْرِمٌ أَوْ قَالَ: لَبِسْتُ سَرَاوِيلَ وَأَنَا مُحْرِمٌ - شَكَ إِبْرَاهِيمُ - فَقَالَ لَهُ أَبُو حَنِيفَةَ: عَلَيْكَ دَمٌ قَالَ: فَقُلْتُ لِلرَّجُلِ: وَجَدْتَ نَعْلَيْنِ أَوْ وَجَدْتَ إِزَارًا؟ فَقَالَ: لَا فَقُلْتُ: يَا أَبَا حَنِيفَةَ إِنَّ هَذَا يَزْعُمُ أَنَّهُ لَمْ يَجِدْ فَقَالَ: سَوَاءٌ وَجَدَ أَوْ لَمْ يَجِدْ!

فَقُلْتُ: [3772 / 1] - حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ: عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (السَّرَاوِيلُ لِمَنْ لَمْ يَجِدِ الْإِزَارَ وَالْخَفَانِ لِمَنْ لَمْ يَجِدِ النَّعْلَيْنِ)

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3772 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (153) ،
((صحيح أبي داود)) (1605).

বাংলা

৩৭৭২. হাম্মাদ বিন যাইদ রহিমাহুল্লাহ বলেন, “আমি মক্কায় আবু হানিফা রহিমাহুল্লাহর নিকট বসেছিলাম, এমন সময় এক ব্যক্তি এসে বলেন, “আমি ইহরাম অবস্থায় চামড়ার মোজা পরিধান করেছি।” অথবা তিনি বলেন, “আমি ইহরাম অবস্থায় পাজামা পরিধান করেছি।” ইবরাহিম নামক রাবী এই সন্দেহ পোষন করেছেন।

তখন আবু হানিফা রহিমাহুল্লাহ তাকে বলেন, “তোমাকে একটি দম (কুরবানী) দিতে হবে।” হাম্মাদ বিন যাইদ রহিমাহুল্লাহ বলেন, “অতঃপর আমি সেই ব্যক্তিকে বললাম, “তুমি কি (পরিধান করার মতো) জুতা পাওনি? তুমি কি লুঙ্গি পাওনি?” সে জবাবে বললো, “জ্বী, না।” তখন আমি বললাম, “হে আবু হানিফা, এই ব্যক্তি বলছে যে, সে এগুলো পায়নি?” তখন তিনি জবাবে বলেন, “সে পাওয়া বা না পাওয়া উভয়টিই সমান।”

৩৭৭২/১* তখন আমি বললাম, “আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন আমর বিন দীনার, তিনি জাবির বিন যাইদ থেকে, তিনি আব্দুল্লাহ বিন আব্বাস রাহিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে ব্যক্তি লুঙ্গি পায় না, তার জন্য পাজামা আর যে ব্যক্তি জুতা পায় না, তার জন্য চামড়ার মোজা (পরিধান করার বৈধতা রয়েছে)।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৮২৯; নাসাঈ: ৫/১৩২-১৩৩; তাবারানী আল কাবীর: ১২৮১০; তাহাবী: ২/১৩৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬০৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাম্মাদ ইবনু যাইদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93109>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন